

**কৃষিবিজ্ঞান বিষয়ে ডিগ্রি প্রদানকারী ০৭ (সাত) টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে
২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণির গুচ্ছ পদ্ধতিতে ভর্তি বিজ্ঞপ্তি**

কৃষিবিজ্ঞান বিষয়ে ডিগ্রি প্রদানকারী নিম্নলিখিত বিশ্ববিদ্যালয়সমূহে গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণের মাধ্যমে ১ম বর্ষ স্নাতক শ্রেণিতে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু আবেদনকারীদের নিকট থেকে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

১। বিশ্ববিদ্যালয়সমূহের নাম ও আসন সংখ্যা

ক্রমিক নং	বিশ্ববিদ্যালয়ের নাম	আসন সংখ্যা
১.	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ	১১১৬
২.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর	৩৩০
৩.	শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা	৭০৪
৪.	সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট	৪৩১
৫.	পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী	৪৪৩
৬.	চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম	২৪৫
৭.	খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা	১৫০
সর্বমোট =		৩৪১৯

২। আবেদনের ন্যূনতম যোগ্যতা

ক)	২০১৭/২০১৮ সালে এসএসসি/সমমান এবং ২০১৯/২০২০ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় যারা বিজ্ঞান বিভাগ হতে জীববিজ্ঞান, রসায়ন, পদার্থবিজ্ঞান ও গণিত বিষয়সহ উত্তীর্ণ হয়েছে, কেবলমাত্র তারাই আবেদন করতে পারবে।
খ)	আবেদনকারীর এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রতিটিতে চতুর্থ বিষয় ব্যতীত ন্যূনতম জিপিএ ৩.৫০ এবং সর্বমোট ন্যূনতম জিপিএ ৮.০০ থাকতে হবে। জিসিই O এবং A লেভেল পাসকৃত প্রার্থীর ক্ষেত্রে O লেভেল পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় বিজ্ঞানের অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। উভয় পরীক্ষায় প্রতিটিতে ন্যূনতম জিপিএ ৩.৫০ এবং সর্বমোট জিপিএ ৮.০০ থাকতে হবে।
গ)	মোট আসন সংখ্যার ১০ (দশ) গুণ প্রার্থীকে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার জীববিজ্ঞান, রসায়ন, পদার্থবিজ্ঞান ও গণিত বিষয়সমূহে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ভর্তি পরীক্ষায় অগ্রহণের সুযোগ প্রদান করা হবে।

৩। আবেদনের সময়সীমা ও ফি

ক)	আবেদন গ্রহণের সময়সীমা ০২ মে থেকে ১০ জুন ২০২১ পর্যন্ত
খ)	আবেদন ফি টাকা ১০০০/- (এক হাজার) মাত্র 'নগদ', 'বিকাশ' বা 'রকেট'-এর মাধ্যমে জমা দিতে হবে। যে সকল প্রার্থী ভর্তি পরীক্ষায় অগ্রহণের সুযোগ পাবে না তাদের আবেদন সংক্রান্ত প্রসেসিং ফি বাবদ ৩০০.০০ টাকা কেটে রেখে অবশিষ্ট ৭০০.০০ টাকা তাদের প্রদত্ত হিসাব নম্বরে ফেরৎ দেয়া হবে।

৪। লিখিত নির্বাচনী পরীক্ষা

ক)	MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা আগামী ৩১ জুলাই ২০২১ শনিবার বেলা ১১:৩০ থেকে ১২:৩০ পর্যন্ত ০৭ (সাত) টি বিশ্ববিদ্যালয়ে একযোগে অনুষ্ঠিত হবে।
খ)	এইচএসসি/সমমান পর্যায়ে ইংরেজিতে ১০, প্রাণিবিজ্ঞানে ১৫, উদ্ভিদবিজ্ঞানে ১৫, পদার্থবিজ্ঞানে ২০, রসায়নে ২০ এবং গণিতে ২০ নম্বরের প্রশ্ন থাকবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

৫। মেধা স্কোর

মোট ১৫০ নম্বরের ভিত্তিতে ফলাফল প্রস্তুত করা হবে। ভর্তি পরীক্ষার ১০০ নম্বরের সাথে এসএসসি/সমমানের জন্য ২৫ এবং এইচএসসি/সমমানের জন্য ২৫ নম্বর যোগ করে ফলাফল প্রস্তুত করতঃ মেধা ও অপেক্ষমান তালিকা তৈরি করা হবে।

৬। ভর্তি পরীক্ষার যাবতীয় তথ্যাবলি

আবেদন সংক্রান্ত যাবতীয় তথ্য www.admission-agri.org ওয়েবসাইটে পাওয়া যাবে। ওয়েবসাইটের ভর্তি নির্দেশিকা অনুযায়ী অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং প্রয়োজনে কমিটি যে কোন সিদ্ধান্ত পরিবর্তন ও পরিমার্জনের অধিকার রাখে।



২২/০৪/২০২১

(প্রফেসর ড. মো. গিয়াসউদ্দীন মিয়া)

ভাইস-চ্যান্সেলর, বশেমুরকবি

ও

সভাপতি, কেন্দ্রীয় ভর্তি কমিটি।